



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.ntrca.gov.bd



বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক পরিচালিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মসূচির ২০২১-২২ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী।


সভার তারিখ : ২৮ মে, ২০২২।  
সময় : সকাল ১১.০০ টা।  
সভাপতি : জনাব মোঃ এনামুল কাদের খান, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এন.টি.আর.সি.এ., ঢাকা।  
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সিংগাইর, মানিকগঞ্জ।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মাঠ পর্যায়ের কর্মকর্তা ও অংশীজনদের বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) প্রতিষ্ঠার পর থেকে সহযোগিতা করার জন্য কৃতজ্ঞতা জানান। আগামী দিনগুলোতেও এ ধারা অব্যাহত থাকবে মর্মে আশা প্রকাশ করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সকল অংশীজনের ভূমিকার উপর গুরুত্বারোপ করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. চতুর্থ গণবিজ্ঞপ্তি বিষয়ক আলোচনা।	সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) জানান চতুর্থ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য ইতোমধ্যে ই-রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরু করা হয়েছে। পত্রিকায় বিজ্ঞপ্তিও প্রকাশ করা হয়েছে। ই-রেজিস্ট্রেশন শেষ হলে ই-রিকুইজিশন এর কাজ জুন, ২০২২ থেকে শুরু করা হবে। ইতোমধ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সাথে সভা করা হয়েছে। ই-রিকুইজিশনের অর্থাৎ শূন্য পদের চাহিদা প্রাপ্তির পর মন্ত্রণালয়ের নির্দেশনা নিয়ে চতুর্থ গণবিজ্ঞপ্তি প্রকাশ করা সম্ভব হবে। সভায় ই-রেজিস্ট্রেশনের এবং ই-রিকুইজিশন প্ল্যাটফর্ম এর বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) জানান ই-রেজিস্ট্রেশনের মত ই-রিকুইজিশনেরও নির্দেশিকা প্রকাশ করা হবে। সভায় শূন্য পদের নির্ভুল চাহিদা প্রদানের উপর আলোচনা হয় এবং ই-রিকুইজিশন যথাযথভাবে প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধানগণ-কে অনুরোধ জানানো হয়।	ই-রেজিস্ট্রেশনের তথ্যসমূহ এবং ই-রিকুইজিশনের তথ্যসমূহ যথাযথভাবে প্রদান করতে হবে।	এন.টি.আর.সি.এ.

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বিবিধ। (১) সিংগাইর কলেজের অধ্যক্ষ জানান বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত শিক্ষকদের কোনো প্রশিক্ষণের ব্যবস্থা নেই। তিনি এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন। (২) সিংগাইর কলেজের অধ্যক্ষ বেসরকারি শিক্ষকদের পেনশনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণ এবং পেনশনের বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে।	সদস্য (প্রশাসন ও অর্থ)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৩/৬/২২

(মো: এনামুল কাদের খান)  
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন : ৪১০৩০০৪৩


ই-মেইল: chairman@ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০১.৩৬.০০১.২১- ৩৯৯) (ক)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৯  
০২ জুন, ২০২২

বিতরণ : জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (প্রশাসন ও অর্থ/শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
২. পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
৩. উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
৪. উপজেলা শিক্ষা অফিসার, সিংগাইর।
৫. পি এ টু চেয়ারম্যান, এ কার্যালয়, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।

  
০২/০৬/২০২২  
(মো: ওবায়দুর রহমান)  
সচিব (উপ সচিব)  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন: ৪১০৩০১২০

ই-মেইল : secretary\_ntrca@ntrca.gov.bd